শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ অধিদপ্তর**
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

পত্র নংঃ ২২.০২.০০০০.০৬৩.১৪.০২৮.২০ – ৯০ তারিখঃ ২৯/ ০৬/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ "Bangladesh: First Biennial Update Report (BUR1) to the UNFCCC" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)-এর ২য় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | ড. আবদুল হামিদ, মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর |
| সভার তারিখ | ২৬/০৬/২০২২ |
| সময় | সকাল ১১.৩০ |
| সভার স্থান | সেমিনার রুম, ৩য় তলা, পরিবেশ অধিদপ্তর এবং Zoom- এর মাধ্যমে অনলাইনে অংশগ্রহণ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত |

বিগত ২৬ জুন ২০২২ তারিখে পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. আবদুল হামিদ, এর সভাপতিত্বে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "Bangladesh: First Biennial Update Report (BUR1) to the UNFCCC" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ২য় সভা পরিবেশ অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এছাড়া পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ জুম প্ল্যাটফর্মের মাধ্যমে সভায় অংশগ্রহণ করেন। কমিটির সদস্য হিসেবে সভায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, বাংলাদেশ বন অধিদপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিবেশ অধিদপ্তর এবং পিএমইউর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশ নেন।

০২। সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্পের পরিচালক এবং পরিচালক, পরিবেশ অধিদপ্তর জনাব মির্জা শওকত আলী প্রকল্পের সার্বিক অগ্রগতি তুলে ধরেন। অতঃপর তিনি প্রকল্পের কর্মপরিকল্পনা (work plan) উপস্থাপন করে উপস্থিত কমিটির সদস্যবৃন্দের সহিত আলোচনা করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ প্রকল্পের কর্মপরিকল্পনা অনুমোদন করার বিষয়ে একমত পোষন করেন। এছাড়া তিনি প্রকল্পের উদ্দেশ্য, ফলাফল, বাজেট এবং আর্থিক ব্যবস্থাপনার উপরে সংক্ষিপ্ত উপস্থাপনা প্রদান করেন।

০৩। প্রকল্প পরিচালক জানান যে, বাংলাদেশ জাতিসংঘের জলবায়ু পরিবর্তন সংক্রান্ত UN Framework Convention on Climate Change (UNFCC) এর নন-আনেক্স-১ সদস্য। এই প্রকল্পটি কনফারেন্স অব দ্যা পার্টি দ্বারা গৃহীত গাইডলাইন অনুসরণ করে কনভেনশনের বাধ্যবাধকতা পূরণে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সমর্থনে বাংলাদেশে গ্রীন হাউজ গ্যাস নিঃসরন কার্যক্রমকে (mitigation action) সহায়তা করবে। গ্লোবাল এনভায়রনমেন্ট ফ্যাসিলিটি (GEF) ইউএনডিপি বাংলাদেশের মাধ্যমে এই প্রকল্পে অর্থায়ন করে। প্রকল্পের মোট বাজেট ৳ ৪,১৪,৬৮,০০০.০০ (ইউএস ডলার ৪,৮৯,০০০.০০) যার মধ্যে GEF ৳ ২,৯৮,৫০,০০০.০০ (ইউএস ডলার ৩,৫২,০০০ ডলার) এবং USAID ৳ ৬৩,৬০,০০০.০০ (ইউএস ডলার ৭৫,০০০.০০) প্রদান করে এবং বাংলাদেশ সরকার ইন-কাইন্ড হিসাবে ৳ ৫২,৫৮,০০০.০০ (ইউ এস ডলার ৬২,০০০,০০) প্রদান করে মর্মে তিনি জানান।

০৪। প্রকল্প পরিচালক আরও উল্লেখ করেন যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ০১ সেপ্টেম্বর ২০২০ সালে প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পের সময়কাল ছিল ১ জুলাই ২০২০ থেকে জুন ২০২২ সাল পর্যন্ত । কিন্তু কোভিড -১৯ মহামারীর কারণে প্রকৃতপক্ষে প্রকল্পের কার্যক্রম ২৬ এপ্রিল ২০২১ থেকে শুরু হয়। পরবর্তীতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রনালয়ের ৪ জুলাই ২০২১ তারিখের অনুরোধক্রমে প্রকল্পের মেয়াদ আর্থিক অনুদানকারী প্রতিষ্ঠান কর্তৃক ৩১ মার্চ ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়। বিগত ০৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে Project Steering Committee (PSC) এর ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগ থেকে ভুতাপেক্ষভাবে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির অনুমোদনের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রনালয়ে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিবেশ অধিদপ্তর বিগত ৮ জুন ২০২২ তারিখে প্রশাসনিক মন্ত্রনালয়ে উক্ত প্রস্তাব

প্রেরন করে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রনালয় প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে বিগত ২৩ জুন ২০২২ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে পত্র প্রেরণ করেছে।

০৫। এ প্রকল্পের অধীনে মোট ৫টি কম্পনেন্ট (১। Update national circumstances, ২। prepare national greenhouse gas inventory, ৩। develop country emission factors, ৪। mitigation analysis & MRV এবং ৫। constraints & gaps related to financial, technical, and capacity needs) এর জন্য পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নভেম্বর ২০২১ এ Inception Report এবং জুন ২০২২-এ Interim Report দাখিল করা হয় মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। ৫টি কম্পনেন্টের জন্য তিনটি Core Sectoral Working Groups (CSWG) গঠন করা হয়েছে। দাখিলকৃত Inception Report এবং Interim Report এর উপর কারিগরী দিকনের্দেশনা ও প্রতিবেদনের মান উন্নয়নের জন্য ৩টি Core Sectoral Working Groups (CSWG) এর ২টি করে সভার আয়োজন করা হয়। সভায় প্রকল্প পরিচালক আগামী ৩১ মার্চ ২০২৩ পর্যন্ত প্রকল্পের অধীনে যাবতীয় কার্যাবলী Gantt chart এর মাধ্যমে উপস্থাপনা করেন।

০৬। অতঃপর প্রকল্প সমন্বয়ক জনাব সত্য রঞ্জন ভট্টাচার্য্য প্রকল্পের আর্থিক অগ্রগতির বিষয়ে সভাকে অবহিত করেন। ২০২০-২১ অর্থ বছরে প্রকল্পের আর্থিক লক্ষ্যমাত্রা ছিল ৳৭৫ লক্ষ টাকা এবং আর্থিক ব্যয় ৳ ২১.৩৩ লক্ষ টাকা। তিনি জানান চলতি অর্থ বছরে (২০২১-২০২২) প্রকল্পের RADP বরাদ্দ ৳ ১৬০.০০ লক্ষ। তন্মধ্যে ২০২১-২০২২ অর্থবছরে ৳ ১০৩.৬৬ লক্ষ (মে ২০২২ পর্যন্ত) ব্যয় হয়েছে। ক্রমপুঞ্জিভূত আর্থিক অগ্রগতি ৳ ১২৪.৯৯ লক্ষ (মে ২০২২ পর্যন্ত)। ২০২১-২২ অর্থ বছরে প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬৪.৭৯%, ভৌত অগ্রগতি ৮২.৭৩% (মে ২০২২ পর্যন্ত) এবং ক্রমপুঞ্জিভূত আর্থিক অগ্রগতি ৩৪.৫২%, ভৌত অগ্রগতি ৪৫.০০% (মে ২০২২ পর্যন্ত)।

০৭। আলোচনায় অংশ নিয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দ ~~প্রথমেই~~ প্রকল্পের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। সভায় উপস্থিত আইএমইডির প্রতিনিধি জনাব মোঃ হেলাল খান আইএমইডির কাছে প্রকল্পের কাজের পরিকল্পনা প্রেরণ করার জন্য সুপারিশ প্রদান করেন। প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রকল্পের সার্বিক অগ্রগতি উপস্থাপনার জন্য অনতিবলম্বে ২য় PSC সভা এবং অনুমোদিত TAPP অনুযায়ী নির্ধারিত সময়ে PIC/PSC সভা আয়োজন করার সুপারিশ প্রদান করেন।

**বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সম্মতিক্রমে গৃহিত হয়:**

১। প্রকল্পের কর্মপরিকল্পনা সভায় অনুমোদন করা হয়।
২। জুন ২০২২-এর মধ্যে ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা এবং আগামী অর্থবছরের শুরুতে ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা (work plan) আইএমইডিতে প্রেরন করতে হবে।
৩। প্রকল্পের সার্বিক অগ্রগতি উপস্থাপনার জন্য অনতিবলম্বে PSC সভার আয়োজন করতে হবে।
৪। অনুমোদিত TAPP অনুযায়ী নির্ধারিত সময়ে PIC/PSC সভার আয়োজন করতে হবে।

অতঃপর সভাপতি মহোদয় পিআইসি সভায় অংশগ্রহণ এবং মূল্যবান মন্তব্য/পরামর্শ প্রদানের জন্য সকল অংশগ্রহণকারীকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

ড. আবদুল হামিদ
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর ও
সভাপতি, প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)

পরিশিষ্ট-ক — উপস্থিতি সদস্যবৃন্দ

| Sl No. | Name | Designation | Organization |
|---|---|---|---|
| 1 | Dr Abdul Hamid | Director General | Department of Environment |
| 2 | Ms Jakia Afroz | Joint Secretary | Ministry of Environment, Forest and Climate Change |
| 3 | Ms Shahanara Begum | Deputy Secretary | Ministry of Environment, Forest and Climate Change |
| 4 | Dr Laila Akhtar | Deputy Chief | Planning Commission |
| 5 | Mr Md. Helal Khan | Evaluation officer | Implementation, Monitoring & Evaluation Division |
| 6 | Mr Md Lokman Hossain Mollah | Director (Operation) | Bangladesh Road Transport Authority |
| 7 | Mr Syed Moazzam Hossain | Director | Federation of Bangladesh Chambers of Commerce and Industries |
| 8 | Dr Md. Zaglul Hossain | Deputy Chief Conservator of Forests | Bangladesh Forest Department |
| 9 | Dr Mian Sayeed Hassan | Member Director (NRM) | Bangladesh Agriculture Research Council |
| 10 | Mr Md Sohel Rana | Assistant Project Director | Bangladesh Bureau of Statistics |
| 11 | Mr Mirza Shawkat Ali | Director (CC & IC) and Project Director | Department of Environment |
| 12 | Mr Syed Nazmul Ahsan | Director (AQM) | Department of Environment |
| 13 | Mr Md. Mahmud Hossain | Deputy Director (CC) and Deputy Project Director | Department of Environment |
| 14 | Mr Md. Hasan Hasibur Rahman | Deputy Director (Planning) | Department of Environment |
| 15 | Mr Md Harun Or Rashid | Deputy Director (IC) | Department of Environment |
| 16 | Mr Sattya Ranjan Bhattacharjee | Project Manager | BUR1 Project, UNDP |
| 17 | Ms Mt Rabeya Begum | Project Associate | BUR1 Project, UNDP |